যুগান্তর

তারিখ ... 16 JUN 2016 ...
পৃষ্ঠা ...২...১৬ কলাম ..... ৬.....

# এবারই পিইসি পরীক্ষা বাতিল চেয়ে রিটে হাইকোর্টের রুল

যুগান্তর রিপোর্ট

প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষা পাবলিক পরীক্ষা হিসেবে নেয়ার সিদ্ধান্ত কেন বেআইনি ও বাতিল ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। একই সঙ্গে ২০১৬ সাল থেকে এ পরীক্ষা পাবলিক পরীক্ষা হিসেবে না নেয়ার জন্য কেন নির্দেশ দেয়া হবে না রুলে তাও জানতে চাওয়া হয়েছে। এক রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে বুধবার বিচারপতি কামরুল ইসলাম সিদ্দিকী ও বিচারপতি রাজিক আল জলিলের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ রুল জারি করেন। চার সপ্তাহের মধ্যে শিক্ষা সচিব, প্রাথমিক ও গণশিক্ষা সচিব এবং প্রাথমিক ও গণশিক্ষা অধিদফতরের মহাপরিচালককে (ডিজি) রুলের জবাব দিতে বলা হয়েছে।

৫ এপ্রিল পাবলিক পরীক্ষা হিসেবে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা না নেয়ার নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট আবেদন করেন আইনজীবী ইউনুস আলী আকন্দ। এ ব্যাপারে তিনি সাংবাদিকদের বলেন, পৃথিবীর কোথাও এ ধরনের পরীক্ষা হয়নি। জাতীয় শিক্ষানীতিসহ কোনো আইনেও এ পরীক্ষার কথা বলা হয়নি। পঞ্চম শ্রেণীর সনদ দেয়ার জন্য স্ব-স্ব স্কুলের প্রধান শিক্ষকই যথেষ্ট। এ পরীক্ষায় সরকারের হস্তক্ষেপের কোনো প্রয়োজন নেই। পঞ্চম শ্রেণীর সনদ দিয়ে কোনো চাকরিও হয় না। চতুর্থ শ্রেণীর পদে চাকরির জন্য এসএসসি পাসের সনদ চায়। পিইসিকে পাবলিক পরীক্ষা করে কোচিং ব্যবসায়ীদের সুযোগ বৃদ্ধি করা হয়েছে।